বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

মুজিব শতবর্ষ MUJIB 100

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো-র অধীন দপ্তরসমূহের ইন্সট্রাক্টর, টেকনিক্যাল ট্রেনিং সেন্টারস [১০ম গ্রেড] পদের প্রার্থীদের বাছাই পরীক্ষা (MCQ) তারিখ ও সময়সূচি নির্ধারণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নম্বর: ৮০.০০.০০০০.১১৩.০১১.০১৩.১৯-(অংশ-০৬)-৬৭

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

বিষয়: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো-র অধীন দপ্তরসমূহের জন্য ইন্সট্রাক্টর, টেকনিক্যাল ট্রেনিং সেন্টারস [১০ম গ্রেড] পদের প্রার্থীদের বাছাই (MCQ) পরীক্ষার তারিখ ও সময়সূচি, আসন বিন্যাস এবং নির্দেশাবলি।

আগামী ৩১/১০/২০২২ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিতব্য জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো-র অধীন দপ্তরসমূহের জন্য ইন্সট্রাক্টর, টেকনিক্যাল ট্রেনিং সেন্টারস [১০ম গ্রেড] পদের ৭৮৭২ (সাত হাজার আটশত বাহাত্তর) জন প্রার্থীর বাছাই পরীক্ষা (MCQ) ঢাকাস্থ নিম্নবর্ণিত ৪টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। প্রার্থীদের আসন বিন্যাস এবং নির্দেশাবলি নিম্নে দেওয়া হলো:

পদের নাম, বিজ্ঞপ্তির নম্বর ও তারিখ	বাছাই পরীক্ষা তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থী সংখ্যা
১	২	৩	৪	৫
ইন্সট্রাক্টর, টেকনিক্যাল ট্রেনিং সেন্টারস ১০ম গ্রেড বিজ্ঞপ্তির তারিখ: ৪/৬/২০২০ ইং ক্রমিক নম্বর: ২৮	তারিখ: ৩১.১০.২০২২ ইং (সোমবার) সময়: বিকাল ৩.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত	১. মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ১/১ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।	000001 থেকে 001800 পর্যন্ত	১৮০০ জন
		২. মডেল একাডেমি, পাইকপাড়া সরকারী (ডি-টাইপ) কলোনী, মিরপুর-১, ঢাকা।	001801 থেকে 004000 পর্যন্ত	২২০০ জন
		৩. শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।	004001 থেকে 004900 পর্যন্ত	৯০০ জন
		৪. বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি, শেরেবাংলা নগর, ঢাকা।	004901 থেকে 800399 পর্যন্ত	২৯৭২ জন

সময়সূচি ও নির্দেশাবলি:

সময়সূচি	**পরীক্ষার্থীদের করণীয়**
দুপুর ২.০০ ঘটিকা	পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষার হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন।
দুপুর ২.৩০ ঘটিকা	পরীক্ষার্থীদের উত্তরপত্র দেয়া হবে। উত্তরপত্রে সেট নম্বর (১/২/৩/৪) মুদ্রিত থাকবে। প্রত্যেক সেটের উত্তরপত্র ভিন্ন ভিন্ন রঙের হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। কেন্দ্রের ঘর ঢাকা পূরণ করতে হবে।
বিকাল ৩.০০ ঘটিকা	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। প্রশ্নপত্রে ০৪টি সেট নম্বর মুদ্রিত থাকবে; যেমন-সেট-১, সেট-২, সেট-৩, সেট-৪। **প্রতি সেট প্রশ্নপত্র ও উত্তরপত্র ভিন্ন ভিন্ন রঙে মুদ্রিত। পরীক্ষার্থী যে রঙ ও সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে একই রঙ ও সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক ও অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তর দান করবেন।** বেলা ৩.০০ টায় পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী কেন্দ্র থেকে বের হতে পারবেন না।
বিকাল ৪.০০ ঘটিকা	পরীক্ষা শেষ হলে পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।

ক্রমশ-২

পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি:

২. ক. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

খ. প্রবেশপত্রের নীচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।

গ. প্রশ্নপত্র বিতরণের পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

ঘ. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ. পরীক্ষার্থীগণ পরীক্ষার হলে হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন না। প্রবেশপত্রে উল্লিখিত ক্যালকুলেটর ব্যবহারের বিষয়টি লিখিত পরীক্ষার জন্য প্রযোজ্য, বাছাই পরীক্ষার জন্য প্রযোজ্য নয়।

চ. ভুয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ গহণা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ছ. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।

জ. এ পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। পূর্ণমান হবে ১০০ (একশত)। পরীক্ষার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর করে কাটা হবে । পরীক্ষার জন্য পূর্ণ সময় ১ (এক) ঘন্টা।

ঝ. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের (যদি থাকে) মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের **১৬/১০/২০২২** খ্রি: তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১৩ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।

ঞ. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে ।

ট. এ পদে পরীক্ষার্থীদের পরীক্ষার জন্য কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের **www.bpsc.gov.bd** ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

ঠ. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (substantive) কোন ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

ড. **প্রার্থীদের সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণপূর্বক সামাজিক দুরুত্ব বজায় রাখতে হবে এবং অবশ্যই মাস্ক পরিহিত অবস্থায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোন প্রার্থীকে মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।**

৩. এ বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট **www.bpsc.gov.bd-তে** পাওয়া যাবে।

১০.১০.২০২২

[আবদুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]